অধ্যক্ষের কার্যালয়

# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

তারিখ : ৩০/০৫/২০২৩ খ্রি.

## বিজ্ঞপ্তি নং- ৯১

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের মাস্টার্স ১ম পর্ব নতুন সিলেবাসের অর্ন্তগত নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পুরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। ফরম পূরণের সকল ক্ষেত্রে অবশ্যই কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপঃ

| বিষয় | ফরমপূরণ ফি | | ফরম পুরণ, ফি প্রদান ও সংশ্লিষ্ট বিভাগে ফরম জমাদানের তারিখ : |
|---|---|---|---|
| | নিয়মিত/অনিয়মিত/ প্রাইভেট (সকলপত্র) | গ্রেড উন্নয়ন/ অকৃতকার্য (এক বা একাধিক কোর্সের পরীক্ষার্থী) | |
| বাংলা, ইংরেজি, ইতিহাস, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ৩১৫০/- | ০১ পত্র/ কোর্স = ১০৫০/-<br>০২ পত্র/ কোর্স = ১৩০০/-<br>০৩ পত্র/ কোর্স = ১৫৫০/- | অনলাইনে ফরম পূরণের তারিখ: ০১/০৬/২০২৩ হতে ০৬/০৬/২০২৩ তারিখ পর্যন্ত।<br>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদানের তারিখ: ০৭/০৬/২০২৩ হতে ১১/০৬/২০২৩ তারিখ পর্যন্ত।<br>সংশ্লিষ্ট বিভাগে ফরম জমাদানের তারিখ: ১৩/০৬/২০২৩ হতে ১৫/০৬/২০২৩ তারিখ পর্যন্ত। |

১। ফরম পুরণের নিয়মাবলী : ২০২০ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nubd.info/mp এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আগামী ০১/০৬/২০২৩ তারিখ হতে ০৬/০৬/২০২৩ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২। ফি জমাদানের নিয়মাবলী : নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট সকল পত্রে এবং গ্রেড উন্নয়ন/অকৃতকার্য পরীক্ষার্থীগণ বিকাশ /নগদ/ উপায় অ্যাপস্-এর পে-বিল অথবা এডুকেশন ফি অপশনে প্রবেশ করে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে Month- June-23 Select করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ০৭/০৬/২০২৩ তারিখ হতে ১১/০৬/২০২৩ তারিখের মধ্যে Payment সম্পন্ন করতে হবে। অতঃপর পরীক্ষার আবেদন ফরমের সঙ্গে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও ফি পরিশোধের Payment কপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। সংশ্লিষ্ট বিভাগে পরীক্ষার আবেদন ফরম জমা না দিলে ফরমপূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের Student's কপি ভবিষ্যত প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য:

(ক)। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০১৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০২০ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/ কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ)। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসব পরীক্ষার্থী ২০১৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে "F" গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২০ সালের পরীক্ষায় শুধুমাত্র "F"গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য: ২০১৯ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী CGPA-2.50 এর কম পেয়েছে এবং যে সকল পত্রে/কোর্সে C এবং D গ্রেড প্রাপ্ত হয়েছে কেবলমাত্র সে সকল পত্রের বা কোর্সের {সর্বোচ্চ ০২ (দুই)টি পত্রে বা কোর্সে} অংশ নিয়ে গ্রেড এবং CGPA উন্নয়নে অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য যে, এসব শিক্ষার্থীর ইনকোর্স /ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।

সিলেবাস : ২০২০ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

৩০/৫/২০২৩

(প্রফেসর অসিত বরণ দাশ)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি :

১। বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট বিভাগ, চাঁ.স.ক।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৩। কলেজ ওয়েব সাইট: www.chandpurcollege.edu.bd
৪। অফিস নথি।



CamScanner